# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

## Bengali Text Bulletin

**27-03-2026** **Time: 7.35 AM**

**বিশেষ বিশেষ খবর –**

১) রাজ্যে SIR প্রক্রিয়ায় বিচারাধীন ভোটারদের দ্বিতীয় সাপ্লিমেন্টারি লিস্ট আজ প্রকাশ করতে পারে নির্বাচন কমিশন।

২) আসন্ন বিধানসভা নির্বাচনের আগে রাজ্যে রিটার্নিং অফিসারদের ফের এক দফা রদবদল, নতুন করে নিয়োগের নির্দেশ দিয়েছে কমিশন।

দক্ষিণ ২৪ পরগনার বাসন্তীতে বিজেপি প্রার্থীর মিছিলে হামলার ঘটনায় কমিশনের রিপোর্ট তলব।

৩) পাটুলিতে তৃণমূল কংগ্রেস কর্মী খুনের ঘটনায় পুলিশ চারজনকে গ্রেফতার করেছে।

৪) রামনবমী উপলক্ষে আজও রাজ্যের বিভিন্ন স্থানে ধর্মীয় শোভাযাত্রা ও নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

৫) ঘূর্ণাবর্ত এবং বাতাসে প্রচুর জলীয় বাষ্পের উপস্থিতির প্রেক্ষিতে আজ রাজ্যের বেশিরভাগ জেলাতেই বৃষ্টির পূর্বাভাষ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে SIR প্রক্রিয়ায় বিবেচনাধীন তালিকায় থাকা বাকি নাম ঝাড়াই-বাছাইয়ের পর আজ পরবর্তী অতিরিক্ত তালিকা প্রকাশিত হওয়ার কথা। প্রায় ৬০ লক্ষ নামের মধ্যে ইতমধ্যেই নিষ্পত্তি হয়েছে ৩২ লক্ষের। এর মধ্যে প্রায় ৪০ শতাংশ নাম, বাদ গেছে বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর সূত্রে জানা গেছে।

উল্লেখ্য, গত সোমবার প্রায় ১০ লক্ষ ভোটদাতার প্রথম সাপ্লিমেন্টারি তালিকা প্রকাশিত হয়। ই-সাইন প্রক্রিয়া অনুমোদিত নামগুলিই তালিকায় রয়েছে বলে জানা গেছে।

মুখ্য নির্বাচনী আধিকারিকের পক্ষ থেকে প্রতিদিন তালিকা প্রকাশের অনুমতি চেয়ে কলকাতা হাইকোর্টে আবেদন জানানো হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

বিধানসভা নির্বাচনকে সামনে রেখে রাজ্যে রিটার্নিং অফিসারদের ফের একদফায় রদবদল ও নতুন করে নিয়োগের নির্দেশ দিয়েছে নির্বাচন কমিশন। কমিশনের তরফে মুখ্য সচিবকে পাঠানো চিঠিতে একাধিক গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত জানানো হয়েছে। আগের নির্দেশে আংশিক সংশোধন করে নতুন করে রিটার্নিং অফিসারদের তালিকা প্রস্তুত করা হয়েছে এবং মোট ৯টি শূন্যপদ দ্রুত পূরণের নির্দেশ দেওয়া হয়েছে। পাশাপাশি আরামবাগ বিধানসভা কেন্দ্রের জন্য এসডিও রবি কুমারকে রিটার্নিং অফিসার হিসেবে নিয়োগ করার কথাও উল্লেখ করা হয়েছে। চিঠিতে স্পষ্টভাবে জানানো হয়েছে যে সংশ্লিষ্ট আধিকারিকদের আজ বিকেল ৫টার মধ্যে নিজ নিজ কেন্দ্রে যোগ দিতে হবে। কোনওভাবেই যাতে রিটার্নিং অফিসারের পদ খালি না থাকে, সে বিষয়ে বিশেষ গুরুত্ব দিয়েছে কমিশন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

এদিকে, ভবানীপুর বিধানসভা কেন্দ্রে রিটার্নিং অফিসার নিয়োগ ঘিরে বিতর্কের জেরে নতুন করে পদক্ষেপ করল নির্বাচন কমিশন। তৃণমূল কংগ্রেসের অভিযোগের পরই বিষয়টি খতিয়ে দেখে মুখ্য সচিবের কাছে তিনজন উপযুক্ত আধিকারিকের নাম চেয়ে পাঠানো হয়েছে।

কমিশনের তরফে পাঠানো চিঠিতে জানানো হয়েছে, ১৫৯ নম্বর ভবানীপুর বিধানসভা কেন্দ্রের রিটার্নিং অফিসার নিয়োগ নিয়ে আপত্তির প্রেক্ষিতে বিকল্প হিসেবে তিনজন আধিকারিকের প্যানেল পাঠাতে হবে।

উল্লেখ্য, বিধানসভা ভোটের আগে নির্বাচন কমিশন কলকাতার ভবানীপুর সহ একাধিক বিধানসভা কেন্দ্রের ৭৩ জন রিটার্নিং অফিসারকে সরিয়ে দিয়েছে।
এই আধিকারিকদের জায়গায় নতুন আধিকারিকদের নিয়োগ করা হয়েছে বলে কমিশন সূত্রে খবর।

উল্লেখ্য, রাজ্যে মোট ২৯৪টি বিধানসভা কেন্দ্রের প্রত্যেকটিতেই একজন করে রিটার্নিং অফিসার থাকেন। তাঁদের মধ্যে ৭৩ জনকে সরানো হয়। এঁদের অধিকাংশই মহকুমাশাসক স্তরের আধিকারিক বলে জানা গিয়েছে।

অভিরুপ/ রিকাস্ট

oooooooooooooooooooooooo

দক্ষিণ ২৪ পরগনার বাসন্তীতে বিজেপি প্রার্থীর মিছিলে হামলার ঘটনায় রিপোর্ট তলব করেছে নির্বাচন কমিশন। কীভাবে এই ঘটনা ঘটল, কারা জড়িত, কতজনকে গ্রেফতার করা হয়েছে—এই সমস্ত বিষয়ে বিস্তারিত রিপোর্ট তলব করা হয়েছে। পাশাপাশি, পর্যাপ্ত কেন্দ্রীয় বাহিনী থাকা সত্ত্বেও কেন তা ব্যবহার করা হয়নি, সে বিষয়েও প্রশ্ন তোলা হয়েছে। এ নিয়ে রাজ্য পুলিশের ডিজি -এর কাছেও রিপোর্ট চাওয়া হয়েছে কমিশনের তরফে।

উল্লেখ্য গতকাল দুপুরে বাসন্তীতে প্রচারে বেরিয়েছিলেন বিজেপি প্রার্থী বিকাশ সর্দার। বাজারে প্রচার চলাকালীন তৃণমূল কংগ্রেস আশ্রিত দুষ্কৃতীরা বাঁশ লাঠি নিয়ে হামলা চালায় বলে অভিযোগ। একের পর এক বাইক ভাঙচুর করা হয়। পরিস্থিতি সামাল দিতে গিয়ে আক্রান্ত হন পুলিশ কর্মীরা। বাসন্তী থানার সাব ইন্সপেক্টর সৌরভ গুহ কে ঘিরে ধরে বাঁশ, লাঠি দিয়ে পেটানো হয়। তার মাথা ফেটে যায়। এসআই-ছাড়াও বেশ কয়েকজন পুলিশ কর্মী আহত হয়েছেন। এরপরই পুলিশের বিশাল বাহিনী সেখানে যায়। মোতায়েন রয়েছে কেন্দ্রীয় বাহিনীও। এলাকা থমথমে রয়েছে বলে খবর। হামলার ঘটনায় এখনও পর্যন্ত ৮ জন গ্রেফতার হয়েছে বলে খবর।

oooooooooooooooooooooooo

এদিকে দক্ষিণ ২৪ পরগনার রায়দিঘি বিধানসভার মথুরাপুরের খোঁজখিদির এলাকায় বিজেপির প্রচার চলাকালীন হামলার অভিযোগ উঠেছে তৃণমূল কংগ্রেস আশ্রিত দুষ্কৃতীদের বিরুদ্ধে। অভিযোগ, রামনবমী উপলক্ষ্যে গত সন্ধ্যায় একটি স্করপিও গাড়িতে করে প্রচারে যাচ্ছিলেন বিজেপি কর্মিরা। সেই সময় রাস্তা আটকে গাড়িতে হামলা চলে বলে দাবি করেন রায়দিঘির বিজেপি প্রার্থী পলাশ রানা।

যদিও এই অভিযোগ সম্পূর্ণ অস্বীকার করেছে তৃণমূল কংগ্রেস। এই ঘটনাকে কেন্দ্র করে এলাকায় চাঞ্চল্য ছড়িয়েছে। পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে এলাকায় মোতায়েন করা হয়েছে পুলিশ বাহিনী।

oooooooooooooooooooooooo

রাজ্যে বিধানসভা নির্বাচনের প্রেক্ষিতে বাংলাদেশ সীমান্তে নিরাপত্তা পরিস্থিতি এবং ভোটে বিএসএফের ভূমিকা নিয়ে রাজ্যপাল রবীন্দ্র নারায়ণ রবি গতকাল সীমান্তরক্ষী বাহিনীর পূর্বাঞ্চলীয় কমান্ডের প্রধান সুমিত শারণের সঙ্গে বৈঠক করেন। লোক ভবনে ওই বৈঠকে সীমান্ত নিরাপত্তার বর্তমান অবস্থা, বাহিনী মোতায়েন পরিকল্পনা এবং নির্বাচনের সময় আইনশৃঙ্খলা রক্ষার বিষয়টি বিস্তারিতভাবে তুলে ধরা হয়। বিএসএফের প্রস্তুতি নিয়ে রাজ্যপাল সন্তোষ ব্যক্ত করেছেন।

পশ্চিমবঙ্গে অতীত নির্বাচনে রাজনৈতিক হিংসা উল্লেখ করে রাজ্যপাল সাধারণ মানুষের মধ্যে আস্থা তৈরি এবং অসামাজিক কার্যকলাপের বিরুদ্ধে কড়া প্রতিরোধ গড়ে তোলার উপর জোর দেন। অবাধ ও সুষ্ঠু নির্বাচন নিশ্চিত করতে সর্বতোভাবে সহযোগিতা করা হবে বলে বিএসএফের তরফে আশ্বস্ত করা হয়েছে।

oooooooooooooooooooooo

ভোটের দামামা বেজে ওঠার সঙ্গে সঙ্গে জেলাগুলিতে শুরু হয়েছে প্রস্তুতি। দক্ষিণ চব্বিশ পরগনা জেলা, প্রতিটি নির্বাচনেই নানা কারণে থাকে শিরোনামে। এক নজরে দেখে নেওয়া যাক এই জেলার ভোটচিত্র।

( ভিসি- গৌতম )

oooooooooooooooooooooo

আসন্ন বিধানসভা ভোটে সাধারণ ভোটারদের মধ্যে সচেতনতা বৃদ্ধিতে অভিনব প্রচার কর্মসূচি গ্রহণ করেছে নির্বাচন কমিশন। আজ কলকাতা ও হাওড়া—উভয় জেলাতেই ট্রাম এবং সাইকেলের মাধ্যমে এই সচেতনতা অভিযান চালানো হবে। মুখ্য নির্বাচন আধিকারিকের দফতর থেকে জারি করা এক প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়েছে যে আজ সকালে হাওড়া ব্রিজ চেক পোস্ট থেকে একটি বর্ণাঢ্য সাইকেল র‍্যালির আয়োজন করা হবে। রবীন্দ্র সেতুর মুখ থেকে শুরু হয়ে এই র‍্যালি রামকৃষ্ণপুর ফেরি ঘাট পর্যন্ত যাবে। সাধারণ মানুষের অংশগ্রহণ নিশ্চিত করতে এবং ভোটদানের গুরুত্ব বোঝাতে এই সাইকেল সফরের পরিকল্পনা। সাইকেল র‍্যালির পাশাপাশি কলকাতার ঐতিহ্যবাহী ট্রামকেও প্রচারের মাধ্যম হিসেবে বেছে নিয়েছে নির্বাচন কমিশন। আজ সকাল ১০টায় এই বিশেষ ট্রাম অভিযানের সূচনা করা হবে।

oooooooooooooooooooooo

রাজ্যে আলু চাষিদের অবস্থা অত্যন্ত উদ্বেগজনক বলে বিজেপি অভিযোগ করেছে। দলের রাজ্য সভাপতি সাংসদ শমীক ভট্টাচার্য গতকাল কলকাতায় এক সাংবাদিক বৈঠকে বলেন, উপযুক্ত পরিকল্পনার অভাব এবং এরাজ্য থেকে আলু রফতানির পথ বন্ধ করে দেওয়ার কারণেই এই সমস্যা।

(বাইট – শমীক)

এদিকে, আলুর দাম না পেয়ে ক্ষতিগ্রস্ত কৃষকরা শস্য বীমার আওতায় ক্ষতিপূরণ পাবেন বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী জানিয়েছেন। কেউ আলু বাইরে পাঠাতে চাইলেও কোন বাধা নেই বলে পশ্চিম বর্ধমানের একটি জনসভায় তিনি জানান।

(বাইট – মুখ্যমন্ত্রী)

এদিকে, সরকার ঘোষিত মূল্যে আলু কেনার দাবিতে অল ইন্ডিয়া কিষাণ ক্ষেত মজদুর সংগঠনের সদস্যরা বাঁকুড়ার কামলি বাঁধে রাস্তা অবরোধ করে বিক্ষোভ দেখিয়েছেন। তাদের অভিযোগ চাষিরা ক্যুইন্টাল পিছু মাত্র ২৫০ টাকা দাম পাচ্ছেন। তাও উপযুক্ত ক্রেতা নিচ্ছে না। আলুর বস্তা নিয়েও ব্যাপক কালো বাজারি চলছে বলে তাদের অভিযোগ। আত্মঘাতী আলু চাষিদের কমপক্ষে ১০ লক্ষ টাকা ক্ষতিপূরণের পাশাপাশি কৃষি ঋণ মুকুব করারও দাবি জানানো হয়েছে।

oooooooooooooooooooooo

দক্ষিণ শহরতলির পাটুলির পূর্ব ফুলবাগান এলাকায় তৃণমূল কংগ্রেসকর্মী খুনের ঘটনায় পুলিশ চারজনকে গ্রেফতার করেছে। ধৃত দীপ রায়, বিধান বন্দ্যোপাধ্যায়, রাজা বণিক ও জয়ন্ত ঘোষকে গতকাল আলিপুর আদালতে তোলা হলে ৬-ই এপ্রিল পর্যন্ত পুলিশ হেফাজতে পাঠানো হয়।

উল্লেখ্য, বুধবার কয়েকজন দুষ্কৃতি ওই চারতলা বাড়ির ছাদে উঠে গুলি চালালে রাহুল দে নামে এক তৃণমূল কংগ্রেস কর্মী গুরুতর আহত হন। হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসকেরা তাঁকে মৃত বলে ঘোষণা করে। ফ্ল্যাটের মালিক জিৎ মুখোপাধ্যায়ের আমন্ত্রণেই রাহুল সেখানে যায় বলে তাঁর পরিবারের পক্ষ থেকে জানানো হয়েছে। গুলি চালোনায় জিৎ মুখোপাধ্যায়ও আহত হন। তিনি এখন হাসপাতালে চিকিৎসাধীন।

ooooooooooooooooooooooo

রামনবমী উপলক্ষে কলকাতা পুলিশ আজও শহরের বিভিন্ন রাস্তায় যান চলাচল নিয়ন্ত্রণ করবে। আজ সকাল ৬-টা থেকে রাত আটটা পর্যন্ত কলকাতা পুলিশের আওতাধীন সব থানা এলাকায় অত্যাবশ্যক ছাড়া অন্যান্য পণ্যবাহী গাড়ি চলাচল বন্ধ রাখা হচ্ছে।

এদিকে, আজও রাজ্যে তথা দেশজুড়ে রাম নবমী উদযাপিত হচ্ছে। বিভিন্ন ধর্মীয় সংগঠনের উদ্যোগে শোভাযাত্রা সহ নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

oooooooooooooooooooooooooo

ঘূর্ণাবর্ত এবং বাতাসে প্রচুর জলীয় বাষ্প প্রবেশ করায় আজ রাজ্যের বেশিরভাগ জেলাতেই বৃষ্টির সম্ভাবনা। উত্তরবঙ্গের দার্জিলিং জলপাইগুড়ি কালিম্পং কোচবিহার ও আলিপুরদুয়ার এবং দক্ষিণবঙ্গের বাঁকুড়া পুরুলিয়া বীরভূম, দুই বর্ধমান, পশ্চিম মেদিনীপুর এবং ঝাড়গ্রাম জেলায় ঘন্টায় ৫০ থেকে ৬০ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়া বয়ে যাওয়ার সম্ভাবনা। বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টির কমলা সতর্কতা জারি করা হয়েছে। কোথাও কোথাও শিলা বৃষ্টিও হতে পারে।

এদিকে গতকাল দুপুরের পর উত্তর ও দক্ষিণ 24 পরগনা এবং কলকাতার কোন কোন অংশে বৃষ্টি হয়। সল্টলেকের দিকে শিলাবৃষ্টিও হয়।

এদিকে আলিপুরে আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২৫ দশমিক ৮ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে ১ দশমিক ২ ডিগ্রি বেশি।